

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সঙ্গী

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ৬, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আবগারী)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৬ই ডায়, ১০৯৪/২রা সেপ্টেম্বর, ১৯৮৭

নং এস,আর,ও ১৮০-আইন/৮৭/১৬৮-আবগারী—Excises and Salt Act, 1944 (I of 1944) এর Section 12A(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত Act এর FIRST SCHEDULE এর PART I এর Column 1 এর Item No. OI.OI হইতে Item No. 12.09 এর বিপরীতে Column 2তে উল্লেখিত সকল পণ্যকে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, Column 3 অনুযায়ী আরোপণীয় আবগারী শুল্ক হইতে সম্পূর্ণরূপে অব্যাহতি দান করিলেন, যথাঃ—

- (১) এইসব পণ্য সরাসরিভাবে অথবা পুনঃ প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে রপ্তানীযোগ্য অন্য কোন পণ্য উৎপাদনের কাজে ব্যবহৃত হইবে ;
- (২) রপ্তানীকারক তাহার রপ্তানীর অন্তর্কালে প্রাপ্ত "মাষ্টার এল, সি" এর বিপরীতে স্থানীয়ভাবে ঋণপত্র খোলার মাধ্যমে বৈদেশিক মদ্রার বিনিময়ে উৎপাদনকারীর নিকট হইতে এইসব পণ্য সংগ্রহ করিবেন ;
- (৩) উৎপাদনকারী ঋণপত্র প্রাপ্তির পর আবগারী শুল্ক ব্যতিরেকে তাহার উৎপাদিত পণ্য কারখানা হইতে খালাসের অনুমতির জন্য সংশ্লিষ্ট কালেক্টরের নিকট আবেদন করিবেন, যাহাতে পণ্যের নাম, ট্যারিফ হেডিং, সরবরাহের পরিমাণ, মূল্য ইত্যাদি এবং সংশ্লিষ্ট অন্যান্য তথ্যের যথাযথ উল্লেখ থাকিবে এবং মাষ্টার এল, সি'র বিপরীতে স্থানীয়ভাবে খালাস এল, সি এবং উক্ত পণ্যের ইন্সপেকশন সার্টিফিকেট ইত্যাদির অনুলিপি সংযুক্ত করিবেন ;

(৫০১৭)

নং : ৩০ পরমা

- (৪) উপরিউল্লিখিত কাগজপত্র পরীক্ষান্তে সন্তুষ্ট হইয়া সংশ্লিষ্ট কালেক্টর রপ্তানী পণ্য উৎপাদনের জন্য যে পরিমাণ কাঁচামাল প্রয়োজন হইবে তাহা নির্ধারণ করিয়া আবগারী শুল্ক প্রদান ব্যতিরেকে উহা খালাস করার আদেশ দান করিবেন ;
- (৫) আবগারী শুল্ক প্রদান ব্যতিরেকে সরবরাহকৃত পণ্য দ্বারা উৎপাদিত পণ্য যথাযথভাবে রপ্তানীকরণ এবং রপ্তানীকৃত পণ্যের মূল্য বৈদেশিক মুদ্রায় পরিশোধিত হওয়া সম্পর্কে পণ্য সরবরাহের দিন হইতে ১৫০ দিনের মধ্যে সংশ্লিষ্ট কালেক্টরের নিকট প্রমাণ করিতে রপ্তানীকারক ব্যর্থ হইলে অথবা সরবরাহকৃত পণ্যের সমুদয় বা কোন অংশ কোন কারণে হারানো, নষ্ট বা ক্ষতিগ্রস্ত হইলে বা অন্য কোন কারণে উক্ত পণ্য বা উহার অংশ বিশেষ হিসাব বিহীন থাকিলে, উৎপাদনকারী সরবরাহকৃত সমুদয় পণ্যের উপর আবগারী শুল্ক পরিশোধে বাধ্য থাকিবেন মর্মে আবেদন পত্রের সহিত একটি অংগীকারনামা সংযুক্ত থাকিবে ;
- (৬) শর্ত (৫) এ উল্লিখিত অংগীকারনামা অনুযায়ী রপ্তানীকারক সংশ্লিষ্ট পণ্য রপ্তানী করিয়াছেন এবং স্বগপত্রে উল্লিখিত বৈদেশিক মুদ্রা পরিশোধিত হইয়াছে এই মর্মে ব্যাংক কর্তৃক সত্যায়িত প্রমাণাদি দাখিল করিলে কালেক্টর উক্ত অংগীকারনামা বাতিল করিবেন ; এবং
- (৭) উপরিউক্ত পণ্য সরবরাহে অন্যান্য সকল আনুষ্ঠানিকতা অবশ্য পালনীয় এবং ইহার কোন ব্যতিক্রম হইলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস, এম, আকরাম

অতিরিক্ত সচিব।